

বাগেরহাট পিসি কলেজে
শিক্ষকের ২৫টি
পদ শূন্য

বাগেরহাট সংবাদদাতা ॥
সরকারী বাগেরহাট পি.সি. কলেজে
শিক্ষকের ২৫টি পদ শূন্য রহি-
য়াছে। কলেজটিতে প্রায় দুই
হাজার ছাত্র-ছাত্রী থাকিলেও গুরুত্ব
পূর্ণ বিষয়সমূহে শিক্ষকের অভাবে
লেখাপড়া বিঘ্নিত হইতেছে।
(৪র্থ পৃঃ দ্রষ্টব্য)

বাগেরহাট পি.সি. কলেজ
(৩য় পৃঃ পর)

জ্ঞান, যায়, দর্শন, রসায়নবিদ্যা,
উদ্ভিদবিদ্যা, প্রাণীবিদ্যা ও গণিত
বিভাগে সহযোগী অধ্যাপকের ৫টি
পদ শূন্য রহিয়াছে। বাংলা, অর্থ-
নীতি ও ব্যবস্থাপনা ৩টি এই পদে
সহকারী অধ্যাপকের পদ শূন্য।
ইংরেজী, বাংলা, রাষ্ট্রবিজ্ঞান,
দর্শন, ইতিহাস, ইসলামের, ইতি-
হাস, ইসলামী শিক্ষা, সংস্কৃত,
হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থ-
বিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা,
প্রাণীবিদ্যা, গণিত বিভাগে প্রভা-
ষকের ১৭টি পদে শিক্ষক নাই।

এই কলেজে শরীরচর্চা
শিক্ষকের পদ গত ৪ বৎসর শূন্য।
প্রধান সহকারী, হিসাব রক্ষক পদ
৪ বৎসর শূন্য। ক্যাশিয়ার, ক্যাশ
সরকার, ভাণ্ডার রক্ষক ও বুক
সটার পদ ১৬ বৎসর শূন্য।
ঐতিহ্যবাহী এই কলেজটিকে
অনার্সসহ বিশ্ববিদ্যালয় কলেজে
উন্নীত করার জন্য এলাকাবাসী
দীর্ঘদিন দাবী জানাইয়া আসিতেছে।

এই কলেজে ছাত্র-ছাত্রীদের
প্রয়োজনীয় হোষ্টেল নাই। প্রায়
৭ শত ছাত্রী রহিয়াছে। তাহাদের
জন্য কোন হোষ্টেল না থাকায়
বহু মেধাবী ছাত্রী উচ্চশিক্ষার
স্বযোগ পাইতেছে না।